

পিরোজপুর পল্লী বিদ্যুৎ সমিতি

(এলাকা ভিত্তিকপল্লী বিদ্যুতায়ন কার্যক্রম)
মরিচাল, হলারহাট, পিরোজপুর।

টেলিফোন নং- ৯৭ ও ৬২২৭৮, ফ্যাক্স নং-৬৩৪৩৩, ইমেল নং- gmppbs@yahoo.com.

স্মারক নং- ২৭.১২.৭৯৮০.৫২১.০২.০০৮.১৯.৫৬৭৬

তারিখ- ১৬ পৌষ ১৪২৬
৩১ ডিসেম্বর ২০১৯

বিষয়ঃ আন্তঃ পবিস নিয়োগ বিজ্ঞপ্তি।

পিরোজপুর পল্লী বিদ্যুৎ সমিতি-এ নিম্নবর্ণিত শূন্য পদ পূরণের লক্ষ্যে সংশোধিত পবিস নির্দেশিকা ৩০০-১৪, ৩০০-২৪ এবং ৩০০-৫১ অনুযায়ী পদোন্নতির যোগ্যতা ও অভিজ্ঞতা সম্পন্ন আগ্রহী প্রার্থীগণের নিকট হতে নিম্নোক্ত শর্ত সাপেক্ষে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে স্বহস্তে লিখিত দরখাস্ত আহবান করা যাচ্ছে।

পদের নামঃ মিটার মেকানিক কাম সুপারভাইজার।



প্রার্থীর যোগ্যতাঃ

- মিটার টেষ্টার হিসেবে যে কোন পল্লী বিদ্যুৎ সমিতিতে ন্যূনতম ০৭ (সাত) বৎসরের কাজের অভিজ্ঞতা থাকতে হবে।
- পবিস নির্দেশিকা ৩০০-৫১ অনুযায়ী প্রয়োজনীয় প্রশিক্ষণে উত্তীর্ণ হতে হবে।
- পদোন্নতির ক্ষেত্রে পিরোজপুর পবিস এর “পবিস কর্মচারী চাকুরী বিধি ১৯৯২ (সংশোধিত-২০১২)” ও পবিস নির্দেশিকা ৩০০-১৪, ৩০০-২৪ ও ৩০০-৫১ এর বিধি বিধান প্রতিপালন করা হবে।
- মিটার টেস্টিং সংক্রান্ত মালামাল এবং প্রয়োজনীয় যন্ত্রাংশ সম্পর্কে সম্যক জ্ঞান ও দক্ষতা থাকতে হবে।
- বিগত ০৩ (তিন) বছরের বার্ষিক কর্মমূল্যায়ন এর গড় রেটিং ন্যূনতম ৩.৫০ থাকতে হবে।
- কম্পিউটার সম্পর্কিত জ্ঞান থাকতে হবে।

অন্যান্য শর্তাবলীঃ

- ০১। আগ্রহী প্রার্থীগণকে উক্ত পদের বিপরীতে সাদা কাগজে স্বহস্তে বাংলায় লিখিত আবেদন যথাযথভাবে পূরণ পূর্বক বর্তমানে বিভাগীয় তদন্ত চলমান নাই মর্মে প্রত্যয়ন পত্র, বিনা আপত্তির সনদপত্রসহ পদোন্নতি প্রদানের জন্য সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার-এর সুস্পষ্ট সুপারিশ, বর্তমান পদে যোগদান ও চাকুরী নিয়মিতকরণ পত্রের ফটোকপি, সাম্প্রতিক কালে তোলা ০২ কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত রঞ্জন ছবি, পদোন্নতির জন্য পবিস নির্দেশিকা ৩০০-০৮, ৩০০-৫১ অনুযায়ী প্রয়োজনীয় প্রশিক্ষণের ফলাফলের সত্যায়িত ফটোকপি, সকল শিক্ষাগত যোগ্যতার সনদপত্রের সত্যায়িত ফটোকপি, বিগত ০৩ (তিন) বৎসরের কর্মমূল্যায়নের ফটোকপি যা এজিএম (প্রশাসন/মানবসম্পদ) কর্তৃক সত্যায়িত করে সংযুক্ত করতঃ আগামী ১১-০১-২০২০খ্রিঃ তারিখ রোজ শনিবার বেলা ১১:০০ ঘটিকার সময় পিরোজপুর পল্লী বিদ্যুৎ সমিতি, মরিচাল, হলারহাট, পিরোজপুর-এ স্ব-শরীরে উপস্থিত হয়ে নির্বাচনী (মৌখিক) পরীক্ষায় অংশ গ্রহন করতে হবে।

- ০২। পদোন্নতির জন্য সাক্ষাৎকার গ্রহণের ক্ষেত্রে নিম্নবর্ণিত প্রার্থীকে বিবেচনা করা হবে না-
- (ক) সর্বশেষ ০৩ (তিন) বছরে কোনরূপ গুরুদন্ড প্রাপ্ত হয়েছেন;
- (খ) সর্বশেষ ০১ (এক) বছরে কোনরূপ লঘুদন্ড প্রাপ্ত হয়েছেন;
- (গ) সর্বশেষ ০৫ (পাঁচ) বছরের ভিতরে একাধিকবার গুরুদন্ড প্রাপ্ত হয়েছেন;
- (ঘ) বিগত ০৪ (চার) বছরের ভিতরে একবার গুরুদন্ড এবং একবার লঘুদন্ড প্রাপ্ত হয়েছেন;
- (ঙ) বিগত ০৩ (তিন) বছরের ভিতরে একাধিকবার গুরুদন্ড প্রাপ্ত হয়েছেন;
- (চ) পদোন্নতির জন্য ০৩ (তিন) বার মৌখিক নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহণ করে অকৃতকায হওয়ার ফলে পদোন্নতি কমিটির সিদ্ধান্ত অনুযায়ী অযোগ্য বিবেচিত/ঘোষিত হয়েছেন।
- ০৩। পদোন্নতির ক্ষেত্রে জেলা কোটা প্রযোজ্য নয়। তবে অত্র পবিসের ভৌগলিক এলাকা অর্থাৎ বাগেরহাট জেলার মোরেলগঞ্জ, শরণখোলা উপজেলা, বরগুনা জেলার বামনা, পাথরঘাটা উপজেলা এবং পিরোজপুর জেলার স্থায়ী বাসিন্দাদের আবেদন করার প্রয়োজন নাই।
- ০৪। নির্বাচিত প্রার্থীকে প্রাথমিক অবস্থায় ০১ (এক) বৎসরের জন্য চলতি দায়িত্ব পদে নিয়োগ দেয়া হবে। চলতি দায়িত্ব চলাকালীন কর্মসম্পাদনের মান সন্তোষজনক ও সংশোধিত পবিস নির্দেশিকা অনুযায়ী সংশ্লিষ্ট প্রশিক্ষণে উত্তীর্ণ হওয়া সাপেক্ষে চাকুরীতে নিয়মিত করা হবে।
- ০৫। অত্র পবিসে কর্মরত কোন কর্মচারী বা এলাকা পরিচালক/মহিলা পরিচালকগণের স্বামী/স্ত্রীর সহিত রক্ত সম্পর্কিত কোন প্রার্থীর আবেদন করার প্রয়োজন নাই।
- ০৬। কোন প্রার্থী তথ্য গোপন করে বর্ণিত পদে পদোন্নতি প্রাপ্ত হওয়ার পর পরবর্তীতে তা প্রমানিত হলে তার বিরুদ্ধে পবিস কর্মচারী চাকুরী বিধির আলোকে যথাযথ প্রশাসনিক ব্যবস্থা গ্রহণ করা হবে।
- ০৭। নির্বাচনী পরীক্ষায় উপস্থিত হওয়ার জন্য প্রার্থীকে কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।
- ০৮। যে কোন আবেদন এবং এই নিয়োগ বিজ্ঞপ্তি বাতিল করার ক্ষমতা পবিস কর্তৃপক্ষ কর্তৃক সংরক্ষিত।
- ০৯। শর্তাবলীতে উল্লেখ নেই এমন যেকোন বিষয় নিষ্পত্তির ক্ষেত্রে অত্র পবিস কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গন্য হবে।
- ১০। সংশোধিত পবিস নির্দেশিকা ৩০০-১৩ এবং ৩০০-১৭ অনুযায়ী পে-প্রোটেকশন প্রদান করা হবে।


 (প্রকৌঃ মোঃ মফিজুর রহমান)
 জেনারেল ম্যানেজার


অনুলিপিঃ (সদয় অবগতি ও পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য)।

- ০১। নির্বাহী পরিচালক, বাপবিবো, ঢাকা।
- ০২। পরিচালক, পবিস মানব সম্পদ পরিদপ্তর/ পবিস মনিটরিং ও ব্যঃ পঃ (দঃঅঃ) পরিদপ্তর, বাপবিবো, ঢাকা।
- ০৩। সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার, -----পবিস-১/২/৩/৪।
- ০৪। ডিজিএম, (সদর দপ্তর-কারিগরী)/ মঠবাড়িয়া/মোরেলগঞ্জ/স্বরূপকাঠী জোনাল অফিস, পিপবিস।
- ০৫। এজিএম (ওএন্ডএম/ইএন্ডসি/ অর্থ/সঃ সেবা/প্রশাসন), পিপবিস।
- ০৬। এজিএম (ওএন্ডএম), নাজিরপুর/ভান্ডারিয়া/ শরণখোলা/ পাথরঘাটা সাব জোনাল অফিস, পিপবিস।
- ০৭। জুনিয়র ইঞ্জিনিয়ার, আইটি-১, পিরোজপুর পবিস ওয়েবসাইটে প্রকাশ নিশ্চিতকরণের জন্য।
- ০৮। নোটিশ বোর্ড, পিরোজপুর পবিস।

(প্রকৌঃ মোঃ মফিজুর রহমান)
 জেনারেল ম্যানেজার